তারিখ 17 OCT 2015
পৃষ্ঠা ১৫ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# ঝিনাইদহে নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র বাইরে পাচারের চেষ্টা করায় জরিমানা

■ ভ্রাম্যমাণ প্রতিনিধি

ঝিনাইদহে প্রাইমারি শিক্ষক নিয়োগ পরীক্ষা চলাকালে গতকাল শুক্রবার প্রশ্নপত্র বাইরে পাচারের চেষ্টার দায়ে ৪ জন প্রার্থীকে ৫ হাজার টাকা করে জরিমানা করেছে একটি ভ্রাম্যমাণ আদালত। অনাদায়ে প্রত্যেককে ১৫ দিন করে কারাদণ্ড প্রদান করা হয়। সাজা প্রাপ্তরা হচ্ছে- আজমা খাতুন, হালিমা খাতুন, নাসরিন নাহার ও বেল্লাল হোসেন।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক নির্বাহী ম্যাজিস্ট্রেট নিজাদে রহমত জানান, নিয়োগ পরীক্ষায় তিনি মসিউর রহমান মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে দায়িত্বে ছিলেন। দণ্ডপ্রাপ্তরা প্রশ্নপত্র বাইরে পাচারের চেষ্টা করলে তিনি তাদের ধরে ফেলেন। পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাদের প্রত্যেককে ৫ হাজার টাকা করে জরিমানা করেন। জরিমানার টাকা পরিশোধ করে তারা মুক্ত হয়ে বাড়ি ফিরে যায়।